

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য মন্ত্রণালয়  
বেতার-২ অধিশাখা  
ভবন নং-৪, কক্ষ নং-৮০৫  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.moi.gov.bd](http://www.moi.gov.bd)


নং-১৫.০০.০০০০.০২২.৩৩.০৩২.১৫. ৬২

তারিখঃ ০১ ফাল্গুন ১৪২৩  
১৩ ফেব্রুয়ারি ২০১৭

বিষয়: বেসরকারি মালিকানাধীন এফএম বেতারকেন্দ্র স্থাপন ও পরিচালনা নীতিমালা, ২০১০-এর প্রস্তাবিত সংশোধনী এর খসড়ার উপর মতামত প্রদান প্রসঙ্গে।

বেসরকারি মালিকানাধীন এফএম বেতারকেন্দ্র স্থাপন ও পরিচালনা নীতিমালা, ২০১০-এর ওপর প্রস্তাবিত সংশোধনী এর খসড়া এই মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.moi.gov.bd](http://www.moi.gov.bd)) প্রকাশ করা হলো।

আগামী ১৫ কার্যদিবসের মধ্যে প্রস্তাবিত সংশোধনীর খসড়ার ওপর মতামত পত্র বা ই-মেইলযোগে নিম্ন ঠিকানায় প্রেরণের জন্য নির্দেশক্রমে সর্বসাধারণকে অনুরোধ করা হলো।

  
১৬/০২/১৭  
(মোহাম্মদ ইসমাইল হুসেন)  
উপসচিব

ফোনঃ ৯৫৭৬৬২০

E-mail:sas.betar2@moi.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ৩। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (খসড়া নীতিমালার সফট কপি এ সঙ্গে সংযুক্তপূর্বক উহা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

বেসরকারি মালিকানায় এফএম বেতারকেন্দ্র স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০১০ এর প্রস্তাবিত সংশোধনী ও যৌক্তিকতা

বিঃদ্রঃ সম্বন্ধে কাস্ট শব্দগুলি বাদ এবং কালো ব্লক করা শব্দগুলি সংযোজনের প্রস্তাব করা হয়েছে।

ক্রমিক নং	সংশোধনের বিষয়বস্তু	মন্তব্য
১	<p>৫। লাইসেন্স ফি:</p> <p><b>(ক)</b> লাইসেন্স গ্রহণকালে আবেদনকারী এককালীন ৫ (পাঁচ) লক্ষ টাকা তথ্য মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করে মূল কপি মন্ত্রণালয়ে দাখিল করবে;</p> <p><b>(খ)</b> কোন লাইসেন্সধারী প্রতিষ্ঠানকে ১৭ নং অনুচ্ছেদের অধীন অতিরিক্ত কেন্দ্র, উপকেন্দ্র বা রিলেকেন্দ্র স্থাপনের অনুমতি প্রদান করা হলে তাদেরকে লাইসেন্স ফি বাবদ প্রতিটি অতিরিক্ত কেন্দ্রের জন্য ৫,০০,০০০/- (পাঁচলক্ষ) টাকা, উপকেন্দ্রের জন্য ৩,০০,০০০/- (তিনলক্ষ) টাকা ও রিলেকেন্দ্রের জন্য ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা পরিশোধ করতে হবে;</p> <p><b>(গ)</b> কোন উপকেন্দ্র বা রিলেকেন্দ্রের আপগ্রেডেশনের ক্ষেত্রে উহার জন্য প্রযোজ্য নির্ধারিত লাইসেন্স ফি থেকে উক্ত উপকেন্দ্র বা রিলেকেন্দ্রের বিপরীতে লাইসেন্স ফি বাবদ ইতিমধ্যে পরিশোধিত অর্থ বাদ দিয়ে অবশিষ্ট অর্থ পরিশোধ করতে হবে।</p>	<p>মূল কেন্দ্রের বাইরে অতিরিক্ত কেন্দ্র, উপ-কেন্দ্র বা রিলেকেন্দ্র স্থাপনের বিপরীতে পৃথক লাইসেন্স ফি ধার্য এবং এ কারণে মূল লাইসেন্স গ্রহণকালে পরিশোধ্য টাকার অংকের পূর্বের এককালীন শব্দটি বিলোপের প্রস্তাব করা হয়েছে। এতে সরকারি রাজস্ব বৃদ্ধি পাবে।</p>
২	<p>৬। লাইসেন্স নবায়ন:</p> <p><b>(ক)</b> প্রতি অর্থ বছরে সংশ্লিষ্ট খাতে ১(এক) লক্ষ টাকা ফি প্রদান করে লাইসেন্স নবায়ন করতে হবে। সরকার প্রয়োজনে লাইসেন্স ফি পুনঃনির্ধারণ করতে পারবে;</p> <p><b>(কক)</b> কোন লাইসেন্সধারী প্রতিষ্ঠানকে ১৭ নং অনুচ্ছেদের অধীন অতিরিক্ত কেন্দ্র, উপকেন্দ্র বা রিলেকেন্দ্র স্থাপনের অনুমতি প্রদান করা হলে তাদেরকে প্রতিটি অতিরিক্ত কেন্দ্র, উপকেন্দ্র বা রিলেকেন্দ্র-এর বিপরীতে লাইসেন্স নবায়ন ফি বাবদ প্রতি অর্থ বছরে ১,০০,০০০/- (একলক্ষ) টাকা পরিশোধ করতে হবে;</p>	<p>মূল কেন্দ্রের বাইরে অতিরিক্ত স্থাপিত কেন্দ্র, উপ-কেন্দ্র বা রিলেকেন্দ্র বিপরীতে পৃথক লাইসেন্স নবায়ন ফি ধার্যের প্রস্তাব করা হয়েছে। এতে সরকারি রাজস্ব বৃদ্ধি পাবে।</p>

ক্রমিক নং	সংশোধনের বিষয়বস্তু	মন্তব্য
৩	<p>১২। সম্প্রচার যন্ত্রপাতি সংক্রান্ত:</p> <p>(ক) বেসরকারি মালিকানায় বেতারকেন্দ্র চালু করার লক্ষ্যে প্রাথমিকভাবে পেশাগত ও কারিগরি দক্ষতার ভিত্তিতে সংশ্লিষ্ট “কারিগরি উপ-কমিটি” এবং “জাতীয় রেগুলেটরি কমিটি”র সিদ্ধান্তক্রমে মাধ্যমে ১ (এক) টি সর্বোচ্চ ১০ (দশ) কিলোওয়াট শক্তিসম্পন্ন ট্রান্সমিটার ও সর্বোচ্চ ৬(ছয়) ডিবি গেইনের এন্টিনার সমন্বয়ে সর্বোচ্চ ১৬ (ষোল) ডিবি বা ৪০ (চল্লিশ) কিলোওয়াট ইফেকটিভ রেডিয়েটেড পাওয়ার (ইআরপি) এর এফ.এম বেতারকেন্দ্র চালু করা যাবে। এফ.এম বেতারকেন্দ্র চালু হওয়ার ১ (এক) বছর পর দক্ষতা ও কার্যকারিতা সম্পর্কে “মনিটরিং কমিটি” এর মূল্যায়ন প্রতিবেদন “জাতীয় রেগুলেটরি কমিটি”র বিবেচনার জন্য তথ্য মন্ত্রণালয়ে দাখিল করবে। মূল্যায়নে সংবাদ, আর্থ-সামাজিক ও বিনোদনের অনুষ্ঠানের মান ও পরিমাণের (প্রচার স্থিতি) বিষয়টিও বিবেচনায় আসবে। “জাতীয় রেগুলেটরি কমিটি”র সুপারিশের ভিত্তিতে সরকার সন্তোষজনক মনে করলে পরবর্তীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আবেদনের প্রেক্ষিতে নতুন কেন্দ্র/ট্রান্সমিটার <b>অতিরিক্ত কেন্দ্র, উপকেন্দ্র বা রিলেকেন্দ্র</b> স্থাপনের অনুমতি প্রদান বিবেচনা করবে।</p>	<p>বর্তমান নীতিমালায় লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহকে এক বছর পর তাদের দক্ষতা ও কার্যকারিতা মূল্যায়নক্রমে নতুন কেন্দ্র/ট্রান্সমিটার স্থাপনের সুযোগ প্রদানের কথা বলা হয়েছে যা সুস্পষ্ট নয়। এই অস্পষ্টতা দূরীকরণের জন্য প্রস্তাবিত সংশোধনীতে ‘নতুন কেন্দ্র/প্রেরণকেন্দ্র’ শব্দসমূহের পরিবর্তে ‘অতিরিক্ত কেন্দ্র, উপকেন্দ্র বা রিলেকেন্দ্র’ শব্দসমূহ প্রতিস্থাপনের প্রস্তাব করা হয়েছে।</p>
৪	<p>১৪। সংবাদ/অনুষ্ঠানাদি সম্প্রচারের শর্তাবলী:</p> <p>(১) বেসরকারি মালিকানায় বেতারকেন্দ্র দেশী-বিদেশী ধারণকৃত শুধুমাত্র বিনোদনমূলক ও প্রামাণ্য অনুষ্ঠান প্রচার করতে পারবে। তবে সরকার কর্তৃক অনুমোদিত বেতার সেপার নীতিমালা সম্পূর্ণভাবে অনুসৃত হবে। কোন অবস্থাতেই বিদেশী বেতারের সংবাদ পর্যালোচনা, টক-শো; আলোচনা, সম্পাদকীয় এবং সমসাময়িক ঘটনাবলি নিয়ে অনুষ্ঠান ও মন্তব্য সরাসরি সম্প্রচার বা ধারণকৃত অনুষ্ঠান প্রচার করা যাবে না। <b>এ ছাড়া সরকারের অনুমতি ব্যতিরেকে বিদেশী সম্প্রচার সংস্থা/চ্যানেলের সাথে যৌথ প্রযোজনার মাধ্যমেও অনুরূপ সংবাদ বা অনুষ্ঠান প্রচার করা যাবে না।</b></p> <p>বিঃদ্রঃ মন্ত্রণালয়ে কমাট শব্দগুলি বাদ এবং <b>কালো ব্লক</b> করা শব্দগুলি সংযোজনের প্রস্তাব করা হয়েছে।</p>	<p>প্রায়ই লক্ষ্য করা যায় যে, অনেক বেতারকেন্দ্র বিদেশী সম্প্রচার সংস্থা/চ্যানেলের মাধ্যমে যৌথ প্রযোজনায়ও সংবাদ/অনুষ্ঠান প্রচার করছে। এতে দেশীয় শিল্পী/কলা-কুশলী উপেক্ষিত হচ্ছে। প্রস্তাবিত সংশোধনীর মাধ্যমে উহা দূরীকরণের উদ্যোগ নেয়া হয়েছে।</p>

ক্রমিক নং	সংশোধনের বিষয়বস্তু	মন্তব্য
৫	<p>১৭। কেন্দ্র বৃদ্ধি বা সম্প্রসারণ সংক্রান্ত নিয়মাবলী:</p> <p>“মনিটরিং কমিটি” কর্তৃক সম্প্রচার কার্যক্রমের সন্তোষজনক প্রতিবেদনের প্রেক্ষিতে পরিশ্রেষ্ঠে লাইসেন্সধারী প্রতিষ্ঠানগুলি ১(এক) বছর পরে অতিরিক্ত কেন্দ্র, উপকেন্দ্র বা রিলেকেন্দ্র স্থাপনের জন্য আবেদন করতে পারবে। কোন প্রতিষ্ঠান অতিরিক্ত হিসাবে মূল কেন্দ্রের বাইরে মোট ৯টির বেশী অতিরিক্ত কেন্দ্র, উপকেন্দ্র বা রিলেকেন্দ্র স্থাপন করতে পারবে না।</p>	<p>বর্তমান নীতিমালায় লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহকে এক বছর পর ৯টি নতুন কেন্দ্র/ট্রান্সমিটার স্থাপনের সুযোগ প্রদানের কথা বলা হয়েছে যা সুস্পষ্ট নয়। এই অস্পষ্টতা দূরীকরণের জন্য প্রস্তাবিত সংশোধনীতে ‘নতুন কেন্দ্র/প্রেরণকেন্দ্র’ শব্দসমূহের পরিবর্তে ‘অতিরিক্ত কেন্দ্র, উপকেন্দ্র বা রিলেকেন্দ্র’ শব্দসমূহ প্রতিস্থাপনের প্রস্তাব করা হয়েছে।</p>

বিঃদ্রঃ মাঝখানে ~~কমি~~ শব্দগুলি বাদ এবং ~~কালো ব্লক~~ করা শব্দগুলি সংযোজনের প্রস্তাব করা হয়েছে।

